

NHS
SCOTLAND

# NHS ফার্মাসি ফার্স্ট স্কটল্যান্ড


## পরামর্শ | চিকিৎসা | সুপারিশ



আপনার উপসর্গে পরামর্শ



পরামর্শ দেওয়া হলে চিকিৎসা



অন্যান্য পরিষেবায় সুপারিশ করা

## রোগীদের জন্য তথ্য

Healthier Scotland
Scottish Government

## NHS ফার্মাসি ফার্স্ট স্কটল্যান্ড কি?

- **NHS ফার্মাসি ফার্স্ট স্কটল্যান্ড** আপনার স্থানীয় সম্প্রদায়ের ডাক্তারখানা দ্বারা সরবরাহ করা একটি NHS পরিষেবা (NHS প্রেসক্রিপশনে এবং পরিষেবা দেওয়ার জন্য চুক্তিবদ্ধ একটি ফার্মাসি)।
- আপনার সামান্য রোগ ব্যাধি হলে, পরামর্শের জন্য আপনার প্রথমে ফার্মাসির কাছে যাওয়া উচিত।
- সাধারণত অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার প্রয়োজন হয় না এবং আপনি যে কোনও ফার্মাসিতে যেতে পারেন।
- সামান্য রোগ ব্যাধিতে আপনার ফার্মাসিস্ট আপনাকে পরামর্শ দিতে পারেন, এবং তারপর যদি মনে হয় যে আপনার ওষুধ দরকার তাহলে তা দিতে পারেন।

## এই পরিষেবা কার জন্য?

আপনি যদি স্কটল্যান্ডে GP প্র্যাক্টিসে নিবন্ধন করে থাকেন বা যদি স্কটল্যান্ডে বসবাস করেন তাহলে আপনি **NHS ফার্মাসি ফার্স্ট স্কটল্যান্ড** ব্যবহার করতে পারেন। আপনার আরও বিবরণের প্রয়োজন হলে ফার্মাসি দলের সাথে কথা বলুন।

## এই পরিষেবা কিভাবে কাজ করে?

- ফার্মাসিস্ট এবং তাদের দল ওষুধ বিষয়ে বিশেষজ্ঞ এবং স্বাস্থ্যের গৌণ সমস্যায় সাহায্য করতে পারেন।
- নিম্নোক্ত সামান্য রোগব্যাধিতে ফার্মাসিস্ট আপনাকে পরামর্শ এবং (প্রয়োজন হলে) চিকিৎসা দিতে পারেন।

| | |
|---|---|
| ব্রণ | উকুন |
| অ্যালার্জী | অর্শ |
| পায়ে ছত্রাকের সংক্রমণ | হে ফিভার |
| পিঠে যন্ত্রণা | চর্মরোগ |
| নাক বন্ধ বা নাক দিয়ে জল ঝরা | বদহজম |
| ফোস্কা | মুখের ঘা |
| কোষ্টকাঠিন্য | বেদনা |
| কাশি | পিরিয়ডের ব্যথা |
| সিস্টাইটিস (মহিলাদের) | গলা ব্যথা |
| পেট খারাপ | কুচো কৃমি |
| কানে ব্যথা | মুখের সংক্রমণ |
| একজিমা | আঁচিল |
| মাথাব্যথা | কড়া |

- GP-র মত ফার্মাসিস্টরা শুধু NHS-এ কয়েকটা ওষুধ ও পণ্য দিতে পারেন। আপনার অবস্থার চিকিৎসার জন্য এ সবই খুব ফলপ্রসূ প্রমাণিত হয়েছে। আপনার বিশেষ কোনও ওষুধ বা পণ্যের প্রয়োজন হলে, আপনার হয়ত সেটা কিনতে হবে। এ বিষয়ে ফার্মাসিস্ট আপনাকে পরামর্শ দেবেন।
- যদি ফার্মাসিস্টের মনে হয় আপনার GP কে দেখানো আপনার পক্ষে ভালো, তাহলে সরাসরি আপনাকে সেখানে সুপারিশ করতে পারেন বা আপনাকে অ্যাপয়েন্টমেন্ট নিতে বলতে পারেন।

## আমি কিভাবে এই পরিষেবা ব্যবহার করতে পারি?

- স্কটল্যান্ডের যেসব ফার্মাসি NHS প্রেসক্রিপশনে দেয় তারা সবাই **NHS ফার্মাসি ফার্স্ট স্কটল্যান্ড** পেতে পারেন।
- কোন ফার্মাসি ব্যবহার করবেন তা আপনি বেছে নিতে পারেন।
- অধিকাংশ ক্ষেত্রে, আপনার অ্যাপয়েন্টমেন্ট নিতে হবে না।
- আপনি যখন ফার্মাসিতে যাবেন, ফার্মাসিস্ট (বা তাদের দলের কেউ একজন) আপনার নাম, জন্মতারিখ ও পোস্টকোড সমেত, কয়েকটা তথ্য আপনার কাছ থেকে জানতে চাইবেন।
- ফার্মাসিস্ট:
    - আপনার উপসর্গের বিষয়ে আপনাকে জিজ্ঞাসা করবেন;
    - আপনার অবস্থার বিষয়ে আপনাকে পরামর্শ দেবেন;
    - (আপনার যদি প্রয়োজন হয়) আপনাকে ওষুধ দেবেন; এবং
    - যদি তিনি প্রয়োজন মনে করেন তাহলে অন্য একজন স্বাস্থ্য পরিচর্যা পেশাদারের কাছে (যেমন আপনার GP) আপনাকে সুপারিশ করতে পারেন।
- তিনি আপনাকে যে পরামর্শ ও চিকিৎসা দেবেন তা নোট করে রাখতে তিনি পেশেন্ট মেডিকেশন রেকর্ড (PMR) রাখবেন।
- আপনি যদি একান্তে ফার্মাসিস্টের সাথে কথা বলতে চান তাহলে ফার্মাসির পরামর্শ স্থল বা রুম ব্যবহারের অনুরোধ করতে পারেন।

## আমি তা সত্ত্বেও কি অন্যান্য ফার্মাসিতে যেতে পারি?

- হ্যাঁ, ওষুধ কেনা, প্রেসক্রিপশনে সংগ্রহ করা বা **NHS ফার্মাসি ফার্স্ট স্কটল্যান্ড** পরিষেবা ব্যবহার করার জন্য আপনি যে কোনও ফার্মাসিতে যেতে পারেন। সবসময় আপনি একটাই ব্যবহার করতে বাধ্য না।
- তবে, যদি আপনি সবসময় একই ফার্মাসি ব্যবহার করেন, ফার্মাসিস্ট আপনার চিকিৎসার রেকর্ড তৈরি করে রাখতে পারেন, তার সাহায্যে আপনি আরও ফলপ্রসূ উপায়ে আপনার অবস্থা সামলাতে পারবেন। (অন্য কাউকে এই রেকর্ড দেখানো হয় না।)

## ফার্মাসির কাছ থেকে আমি যে পরিষেবা পেয়েছি তাতে আমি সন্তুষ্ট না হলে কি হবে?

- প্রথমে, আপনার ফার্মাসিস্টের সাথে কথা বলুন যাতে অবিলম্বে তিনি সমাধানের চেষ্টা করতে পারেন।
- আপনি এটা না করতে পারলে, বা আপনি যদি ইতিমধ্যে আপনার ফার্মাসিস্টের সাথে কথা বলা সত্ত্বেও সন্তুষ্ট না হয়ে থাকেন, আপনার স্থানীয় NHS হেল্‌থ বোর্ডে প্রতিক্রিয়া ও অভিযোগের দলের সাথে যোগাযোগ করতে পারেন। NHS ইনফর্ম ওয়েবসাইট www.nhsinform.scot-এ যোগাযোগের বিবরণ জানানো হয়েছে।

## কিভাবে আরও জানা যায়

- এই লিফলেটটিতে দেওয়া যে কোনও বিষয়ে আরও তথ্যের জন্য যোগাযোগ করুন:
- আপনার স্থানীয় ফার্মাসিতে
- আপনার পরিচর্যার সাথে জড়িত আপনার ডাক্তার বা NHS কর্মীদের একজন সদস্য;
- **0800 22 44 88** এ NHS ইনফর্ম হেল্পলাইনে (ল্যান্ডলাইন থেকে নিঃশুল্ক কল করা যায়), বা NHS ইনফর্ম ওয়েবসাইট www.nhsinform.scot এ,
- রোগীদের উপদেশ ও সহায়তা পরিষেবা (PASS) 0800 011 3200 নম্বরে বা আপনার স্থানীয় নাগরিক উপদেষ্টা ব্যুরোতে পাবেন (www.cas.org.uk ওয়েবসাইটে বা আপনার স্থানীয় ফোন বুকে আপনার নিকটতম ব্যুরো খুঁজে নিন)।

দ্য স্কটিশ গভর্নমেন্ট ওয়েবসাইট (www.gov.scot)-এ এবং NHS ইনফর্ম ওয়েবসাইট (www.nhsinform.scot) -এ এই তথ্য পাওয়া যাবে।

Crystal Mark 23289
Clarity approved by Plain English Campaign

Scottish Government
Riaghaltas na h-Alba
gov.scot

© Crown copyright 2020

OGL

অন্য উল্লেখ না থাকলে এই প্রকাশনা ওপেন গভর্নমেন্ট লাইসেন্স v3.0-এর শর্তাধীন লাইসেন্স প্রাপ্ত। এই লাইসেন্স দেখার জন্য, **nationalarchives.gov.uk/doc/open-government-licence/version/3** দেখুন বা এখানে চিঠি লিখুন ইনফর্মেশন পলিসি টীম, The National Archives, Kew, London TW9 4DU, বা ইমেল পাঠান: **psi@nationalarchives.gsi.gov.uk**.

যেখানে আমরা কোনো তৃতীয় পক্ষের কপিরাইট তথ্যের উল্লেখ করেছি সেখানকার কপিরাইট ধারকদের কাছ থেকে আপনার অনুমতি নিতে হবে।

এখানে এই প্রকাশনা পাওয়া যাবে **www.gov.scot**

এই প্রকাশনার বিষয়ে প্রশ্ন থাকলে আমাদের কাছে এইখানে পাঠাতে হবে
দ্য স্কটিশ গভর্নমেন্ট
St Andrew’s House
Edinburgh
EH1 3DG

ISBN: 978-1-83960-444-7

দ্য স্কটিশ গভর্নমেন্ট দ্বারা প্রকাশিত, এপ্রিল 2020

APS Group Scotland, 21 Tennant Street, Edinburgh EH6 5NA দ্বারা দ্য স্কটিশ গভর্নমেন্ট এর জন্য উপস্থাপিত
PPDAS675394 (04/20)